# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্মারক নং-চুয়াঃপৌঃ/ হাঃবাঃই/৭-৭/২০২৪/১০৮ তারিখঃ- ২৮/০১/২০২৪ খ্রিঃ।

**"বাংলা ১৪৩১ সনের জন্য চুয়াডাঙ্গা পৌরসভার হাট বাজার ও আন্তঃজেলা বাস টার্মিনাল ইজারা বিজ্ঞপ্তি"।**

## বিজ্ঞপ্তি নং- ০১/২০২৩-২০২৪।

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, চুয়াডাঙ্গা পৌরসভার নিম্ন বর্ণিত হাটবাজার সমুহ আগামী বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত দেওয়ার নিমিত্তে নিম্ন বর্ণিত তারিখ নির্ধারন পূর্বক প্রকৃত দরদাতাগণের নিকট হইতে পৌরসভার নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাইতেছে। **দরপত্র সিডিউল দরপত্র দাখিলের পূর্বদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত** ১। চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, ২। চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়, ৩। চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ৪। চুয়াডাঙ্গা উপজেলা সদর সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চুয়াডাঙ্গা সদর থানা, ৬। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, চুয়াডাঙ্গা শাখা, চুয়াডাঙ্গা হইতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাইবে। **দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে বেলা- ১-০০ ঘটিকা পর্যন্ত** ১। চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, ২। চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়, ৩। চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয়, ৪। চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ৫। চুয়াডাঙ্গা উপজেলা সদর সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় এঁর অফিস কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাইবে এবং **ঐদিন বেলা-৩.০০ ঘটিকায় দরপত্র দাতাগনের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে দরপত্র বাক্স খোলা হইবে।** কাঙ্খিত সরকারি মূল্য অপেক্ষা দাখিলকৃত দর কম হইলে উক্ত দরপত্র গৃহীত হইবে না এবং দাখিলকৃত জামানত ফেরৎ দেওয়া হইবে। **১ম বার দরপত্র দাখিলে উপর্যুক্ত দর পাওয়া না যায় তাহা হইলে অত্র বিজ্ঞপ্তির ২য় বার নির্ধারিত তারিখ কার্যকর হইবে। ২য় বার দরপত্র দাখিলে উপর্যুক্ত দর পাওয়া না যায় তাহা হইলে ৩য় বার নির্ধারিত তারিখ কার্যকর হইবে। প্রতি বারেই দরপত্র সিডিউল ক্রয় করিতে হইবে। এ বিষয়ে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।** বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে অত্র পৌরসভা কার্যালয় হইতে সংগ্রহ করা যাইবে।

### দরপত্র দাখিলের তারিখ সমুহ নিম্নরুপ ঃ

| ক্রঃ নং | হাটবাজারের নাম | দরপত্র দাখিলের তারিখ (১ম বার) | দরপত্র দাখিলের তারিখ (২য় বার) | দরপত্র দাখিলের তারিখ (৩য় বার) | সরকারি মূল্য বিগত ৩ (তিন) বছরের গড়মূল্য ৬% বৃদ্ধি সহ | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | চুয়াডাঙ্গা বড় বাজার হাট সাইকেল ষ্ট্যান্ড সহ (সরকার কর্তৃক হস্তান্তরিত) | ২৮/০২/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২৮/০৩/২০২৪ | ২১,৩৫,১৯৩/- | ৫,০০০/- |
| ২. | চুয়াডাঙ্গা রেল বাজার হাট | ২৮/০২/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২৮/০৩/২০২৪ | ১,০৭,৭৬৩/- | ১,০০০/- |
| ৩. | চুয়াডাঙ্গা কেদারগঞ্জ বাজার | ২৮/০২/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২৮/০৩/২০২৪ | ৫০,৪০৫/- | ৫০০/- |
| ৪. | চুয়াডাঙ্গা পৌর সলির হাট | ২৮/০২/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২৮/০৩/২০২৪ | ১৩,১০৭/- | ৫০০/- |
| ৫. | চুয়াডাঙ্গা আন্তঃজেলা বাস টার্মিনাল | ২৮/০২/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২৮/০৩/২০২৪ | ৮,০৪,৮৯৩/- | ২,৪০০/- |

অফিস কপি

### 'ইজারার শর্তাবলী'

১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালে জন্য হাটবাজার ইজারা দেওয়া হইবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভার অনুকলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার/ আন্তঃজেলা বাস টার্মিনাল নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। ইজারা বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র গৃহীত সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫%(পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে অন্যথায় হাট বাজারের/আন্তঃজেলা বাস টার্মিনালের জন্য জামাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহন করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হইবে এবং উক্ত দর দরপত্র দাখিলের নির্ধারিত ১ম, ২য়, ৩য় বার প্রাপ্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের/ আন্তঃজেলা বাস টার্মিনালের পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে। দ্বিতীয় বার দরপত্র আহবান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হইতে কম হয় তাহা হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে।

৫। এক হাট বাজারের/বাস টার্মিনালের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট বাজারের/বাস টার্মিনালের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত হাট বাজারের/বাস টার্মিনালের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও ইজারার নাম স্পষ্ট ভাবে উল্লেখ করিতে হইবে।

৭। সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিবেন।

৮। প্রত্যেক হাট বাজারের/বাস টার্মিনালের জন্য পৃথক পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার/ আন্তঃজেলা বাস টার্মিনাল অন্যের নিকট সাব লীজ দিতে পারিবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা ইজারা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়কর সহ) পরিশোধের ৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/= টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট বাজার/ আন্তঃজেলা বাস টার্মিনাল পরিস্কার -পরিচছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করিবেন।

১৪। কোন প্রকার ঘসা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হইবে না।

১৫। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত দর চূড়ান্ত অনুমোদন না হওয়া পর্যন্ত দরপত্রের সাথে দাখিলকৃত ব্যাংক পে-অর্ডার ফেরত দেওয়া হইবে না।

১৬। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার/ আন্তঃজেলা বাস টার্মিনাল ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৭। হাট-বাজারের/ আন্তঃজেলা বাস টার্মিনালের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৮। ইজারা চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

২০। সরকারি হাট-বাজার ইজারা প্রদান সংক্রান্ত নীতিমালা ২০১১ ও পরিপত্র এবং ইজারা বাংলা ১৪৩১ সনে সরকার কর্তৃক কোন পরিপত্র বা নিদের্শনা জারী করা হইলে তাহা যথাযথ অনুসরন করা হইবে।

স্বাক্ষরিত-
(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং-চুয়াঃ পৌঃ/হাঃবাঃই/৭-৭/ ২০২৪/১০৮ (৬০) তারিখঃ-২৮/০১/ ২০২৪ ইং।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হইল ঃ-

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অবগতি ও বহুল প্রচারের অনুরোধ জানাইয়া অনুলিপি প্রেরিত হইল ঃ-

০২. জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
০৩. পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।
০৪. সিভিল সার্জন, চুয়াডাঙ্গা।
০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা।
০৬. উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
০৭-১০. নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি/গণপূর্ত বিভাগ/সড়ক বিভাগ/পানি উন্নয়ন বোর্ড, চুয়াডাঙ্গা।
১১. সহকারী কমিশনার(ভূমি), চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, চুয়াডাঙ্গা সদর থানা, চুয়াডাঙ্গা।
১৩-২৬. জনাব/জনাবা.............................................................................কাউন্সিলর, চুয়াডাঙ্গা পৌরসভা।
২৭. নির্বাহ প্রকৌশলী, চুয়াডাঙ্গা পৌরসভা।
২৮. সহকারী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পৌরসভা।
২৯. সাব-রেজিষ্টার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৩০. পোষ্ট মাষ্টার, প্রধান ডাকঘর, চুয়াডাঙ্গা।
৩১. তহসীলদার, চুয়াডাঙ্গা সদর।
৩২-৩৫. সম্পাদক, ..........................................., চুয়াডাঙ্গা। তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ১(এক)দিনের বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া উহার বিল দাখিলের জন্য অনুরোধ করা হইল।
৩৬-৫৮ জনাব ......................................................................... ইজারাদার সকল হাট/বাজার, চুয়াডাঙ্গা পৌরসভা।
৫৯. ........................................, চুয়াডাঙ্গা কে শহরে ব্যাপক মাইক প্রচার করিয়া বিল দাখিলের জন্য বলা হইল।
৬০. নোটিস বোর্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।